গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ভ্যাট অনলাইন প্রকল্প
আইডিইবি ভবন (৮ম) তলা
১৬০/এ, কাকরাইল, ঢাকা-১০০০।
www.nbr.gov.bd
*[Fax 02-9348514, PABX 02-9348448, 02-8321308]*

নথি নং ০৮.০১.০০০০.০৬৮.১১.০০৫.১২(৮৫)/২০১৬/অংশ-২/ 928

তারিখঃ ১১ /১১/২০১৯

বিষয়ঃ DLR 5.1 এর শর্ত পূরণের লক্ষ্যে রিফান্ডের তথ্য জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে আপলোডকরণ

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বিশ্বব্যাংক- এর সাথে সম্পাদিত চুক্তির অন্তর্গত DLR 5.1 এর শর্ত পূরণের লক্ষ্যে সকল মূসক কমিশনারেটের ২০১৫-১৮ অর্থবছর পর্যন্ত প্রদত্ত রিফান্ডের তথ্য সংগ্রহ করা হয়েছে (কপি সংযুক্ত)। সংগৃহীত তথ্যের সারসংক্ষেপ নিম্নরূপঃ

| ক্র. নং | কমিশনারেট | মোট রিফান্ডের পরিমাণ (টাকা) | | |
|---|---|---|---|---|
| | | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ |
| ০১ | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর) | ০ | ০ | ০ |
| ০২ | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) | ০ | ০ | ০ |
| ০৩ | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব) | ০ | ০ | ০ |
| ০৪ | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম) | ০ | ০ | ০ |
| ০৫ | বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা | ০ | ০ | ০ |
| ০৬ | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (চট্টগ্রাম) | ০ | ০ | ০ |
| ০৭ | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (সিলেট) | ০ | ০ | ০ |
| ০৮ | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (কুমিল্লা) | ৩,৪৮,৮৩০/- | ৪,০৭,৮০৯/- | ০ |
| ০৯ | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (রংপুর) | ০ | ০ | ০ |
| ১০ | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (রাজশাহী) | ০ | ০ | ৩৯,৭৬,০৩৮/- |
| ১১ | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (যশোর) | ০ | ০ | ০ |
| ১২ | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (খুলনা) | ০ | ০ | ০ |

০২। বর্নিত তথ্য জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে আপলোডকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনাকে সবিনয়ে অনুরোধ করা হল।

সংযুক্তিঃ বর্ণনামতে - ১৬ (ষোল) পাতা

সৈয়দ মুসফিকুর রহমান
প্রকল্প পরিচালক
ভ্যাট অনলাইন প্রকল্প

প্রাপকঃ
মহাপরিচালক (গবেষণা ও পরিসংখ্যান)
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

রাজস্বের প্রবৃদ্ধি

টেকসই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর**

দ্বিতীয় ১২ তলা সরকারি অফিস ভবন (৬ষ্ঠ তলা)

সেগুনবাগিচা, ঢাকা

Web: www.ltuvat.gov.bd

নথি নং-০৮.০১.০০০০.০১৬.০৩১.০০৬.২০১৮

তারিখঃ ২৯ /০৯/২০১৯খ্রিঃ

বিষয়: ২০১৫-১৮ অর্থ বছরের রিফান্ড এর তথ্য সরবরাহ।

সূত্র : জাতীয় রাজস্ব বোর্ডের ভ্যাট অনলাইন প্রকল্প এর পত্র নং-০৮.০১.০০০০.০৬৮.১১.০০৫.১২(৮৫)/২০১৬/৫০৭, তারিখ: ০৮/০৫/২০১৯খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, এ দপ্তরের ২০১৫-১৬, ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থবছরের রিফান্ড সংক্রান্ত তথ্য নিম্নে সংযুক্ত ছক মোতাবেক প্রেরণ করা হলো।

রিফান্ড সংক্রান্ত বিবরণী

| ক্র.নং | অর্থবছর | মোট রিফান্ডের পরিমাণ(টাকা) |
|---|---|---|
| ১ | ২০১৫-১৬ | ০ |
| ২ | ২০১৬-১৭ | ০ |
| ৩ | ২০১৭-১৮ | ০ |

২৯.০৯.১৯

নাজমা জ্যাবিন
সহকারী কমিশনার
কমিশনারের পক্ষে
E-mail: vat_ltu@yahoo.com

প্রাপকঃ প্রকল্প পরিচালক
ভ্যাট অনলাইন প্রকল্প
আইডিইবি ভবন (৮ম তলা), কাকরাইল, ঢাকা।

ভ্যাট সংক্রান্ত
যেকোন জিজ্ঞাসায় কল করুন
16555
VAT ONLINE
CONTACT CENTER

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কমিশনারের কার্যালয়
কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা পশ্চিম, ঢাকা
প্লট # ২ ও ৪, রোড # ১, ব্লক # এ, মিরপুর- ১১, ঢাকা- ১২১৬
website : www.vatdhakawest.gov.bd

নথি নং- ০৮.০১.২৬৪৮.১১৪.০২.১৭০.১৮/2৮-92    তারিখঃ-০৭ /১১/২০১৯

প্রেরকঃ কমিশনার।

প্রাপকঃ প্রকল্প পরিচালক
ভ্যাট অনলাইন প্রকল্প
আইডিইবি ভবন, ৮ম তলা,
১৬০/এ, কাকরাইল, ঢাকা-১০০০

বিষয় ঃ ২০১৫-১৮ অর্থ বছরের রিফান্ড এর তথ্য সরবরাহ।

সূত্রঃ ভ্যাট অনলাইন প্রকল্প, আইডিইবি ভবন, ৮ম তলা, ১৬০/এ, কাকরাইল, ঢাকা-১০০০ পত্র নং-০৮.০১.০০০০.০৬৮.১১.০০৫.১২(৮৫)/২০১৬/৫০৭, তারিখঃ ০৮/০৫/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি মহোদয়েল সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রে বর্ণিত নির্দেশনার আলোকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা এ ২০১৫-১৬, ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থবছরের রিফান্ড সংক্রান্ত তথ্য ভ্যাট অনলাইন প্রকল্প হতে প্রেরিত ছক মোতাবেক প্রস্তুত করা হয়েছে, যা পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো ঃ

রিফান্ড সংক্রান্ত বিবরণী-

| ক্রঃ নং | অর্থবছর | মোট রিফান্ডের পরিমাণ (টাকা) |
|---|---|---|
| ০১ | ২০১৫-১৬ | ০ |
| ০২ | ২০১৬-১৭ | ০ |
| ০৩ | ২০১৭-১৮ | ০ |

(ড. মইনুল খান)
কমিশনার
ফোন ঃ +৮৮-০২-৯০২৫০৬০
E-mail : vatdhakawest@vat.gov.bd

-৩৮২

*রাজস্বের প্রবৃদ্ধি* *টেকসই সমৃদ্ধি*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা
৬২/৩, পুরানা পল্টন,জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (১৯ ও ১২ তলা), ঢাকা-১০০০।
vatdhakaeast@gmail.com, www.vatdhkeast.gov.bd

নথি নং- ৪/মূসক(১০১)/রেয়াত/বিবিধ/ঢাঃপূঃকমিঃ/বাস্তঃ/১৬/ ৫৯১৬ তারিখ ঃ৩০/০৫/২০১৯খ্রিঃ

প্রেরক ঃ কমিশনার।

প্রাপক ঃ সৈয়দ মুসফিকুর রহমান
প্রকল্প পরিচালক
ভ্যাট অনলাইন প্রকল্প।

বিষয় ঃ <u>২০১৫-১৮ অর্থবছরের রিফান্ড এর তথ্য সরবরাহ।</u>

সূত্র ঃ জাতীয় রাজস্ব বোর্ড এর পত্র নং-০৮.০১.০০০০.০৬৮.১১.০০৫.১২(৮৫)/২০১৬/৫০৭, তারিখ ঃ ০৮.০৫.২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, এ কমিশনারেটের আওতাধীন কোন প্রতিষ্ঠান রিফান্ড চেয়ে আবেদন করেননি এবং কোন প্রতিষ্ঠানের রিফান্ড সংক্রান্ত কোন দাবী/পাওনা না থাকায় নিম্নোক্ত শূন্য প্রতিবেদন (ছক মোতাবেক) আপনার সানুগ্রহ অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

| ক্রমিক নং | অর্থবছর | মোট রিফন্ডের পরিমান (টাকা) |
|---|---|---|
| ০১ | ২০১৫-১৬ | - |
| ০২ | ২০১৬-১৭ | - |
| ০৩ | ২০১৭-১৮ | - |

৩০/৫/১৯

[মোঃ জামাল হোসেন]
কমিশনার
ফোন- ৯৫৭১১৮৪।

রাজস্বের প্রবৃদ্ধি

ভ্যাট সংক্রান্ত যেকোনো জিজ্ঞাসায় কল করুন 16555 VAT ONLINE CONTACT CENTRE

টেকসই সমৃদ্ধি

বাহক মারফত/
ইমেইল যোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
ঢাকা (দক্ষিণ), ঢাকা
আইডিইবি ভবন (৪র্থ ও ৫ম তলা) ১৬০/এ, কাকরাইল, ঢাকা-১০০০।
[ Fax -8315459, Web:www.cevdsc.gov.bd, Email-cevdhksouth@yahoo.com ]

তারিখঃ ০৫/১১/২০১৯ খ্রিঃ

নথি নং-৪(৬)৮০৯/মূঃনীঃ/ভ্যাট-অনলাইন/২০১৭/৭৭৩

**বিষয় ঃ ২০১৫-১৮ অর্থ বছরের রিফান্ড এর তথ্য সরবরাহ**

সূত্র ঃ জাতীয় রাজস্ব বোর্ড এর পত্র নথি নং-০৮.০১.০০০০.০৬৮.১১.০০৫.১২(৮৫)/২০১৬/৫০৭, তারিখ: ০৮.০৫.২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার সানুগ্রহ দৃষ্টি আকর্ষন করা হলো।

০২। সূত্রোক্ত পত্রের চাহিদা মোতাবেক জানানো যাচ্ছে যে, এ দপ্তর হতে ২০১৫-১৮ অর্থ বছরে কোন রিফান্ড আবেদন মঞ্জুর ও পরিশোধ করা করা হয়নি বিধায় সূত্রোক্ত পত্রের চাহিদা অনুযায়ী কাঙ্খিত প্রতিবেদন শূন্য (ছক মোতাবেক) হিসেবে গণ্য করার জন্য অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | অর্থবছর | মোট রিফান্ডের পরিমাণ (টাকা) |
|---|---|---|
| ০১ | ২০১৫-১৬ | ০ |
| ০২ | ২০১৬-১৭ | ০ |
| ০৩ | ২০১৭-১৮ | ০ |

০৫/১১/১৯

[ মোঃ মশিউর রহমান ]
যুগ্ম কমিশনার (চঃ দাঃ)
কমিশনারের পক্ষে।

প্রাপক ঃ প্রকল্প পরিচালক
ভ্যাট অনলাইন প্রকল্প
আইডিইবি ভবন, কাকরাইল, ঢাকা।

টেকসই সমৃদ্ধি

রাজস্বের প্রবৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)
বাড়ী নং-৬, সোনারগাঁ জনপথ, সেক্টর নং-১১, উত্তরা, ঢাকা-১২৩০।
ওয়েবসাইট: www.dknvat.gov.bd

নথি নং-৪/মূসক(০৫)ঢাকা উত্তর/রিফান্ড/বিবিধ(অংশ-১)/২০১৫/১২৫৮(২)

তারিখ: ২৭/০৫/২০১৯ খ্রিঃ

প্রেরক: কমিশনার

প্রাপক: প্রকল্প পরিচালক
ভ্যাট অনলাইন প্রকল্প
আইডিইবি ভবন, (৮ম তলা), ১৬০/এ, কাকরাইল, ঢাকা-১০০০।

বিষয়: ২০১৫-১৮ অর্থবছরের রিফান্ড এর তথ্য সরবরাহ।

সূত্র : ভ্যাট অনলাইন প্রকল্পের পত্র নং-০৮.০১.০০০০.০৬৮.১১.০০৫.১২(৮৫)/২০১৬/৫০৭, তারিখ: ০৮/০৫/২০১৯ খ্রিঃ।

২। উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, এই দপ্তরে রক্ষিত নথিপত্রের আলোকে উক্ত সময়কালে এ দপ্তর কতৃক রিফান্ড পরিশোধের তথ্য পাওয়া যায়নি।

৩। তবে উল্লেখ্য যে, বিদ্যমান মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩৪ক অনুযায়ী, এই দপ্তর কতৃক কোন কোন ক্ষেত্রে রিফান্ড আবেদন মঞ্জুরপূর্বক নির্ধারিত ফরমেটে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার নিকট বিল আকারে প্রেরণ করা হলে, উক্ত অর্থ ফেরত প্রদানের পদ্ধতিগত জটিলতার কারণে উক্ত দপ্তর হতে রিফান্ডের অর্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে ফেরত দেয়া সম্ভব হয়নি। সম্প্রতি উক্ত এই জটিলতার বিষয়ে গত ০৫/০৩/২০১৯ খ্রিঃ তারিখে অর্থমন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড ও একাধিক মূসক দপ্তরের উপস্থিতিতে সভা অনুষ্ঠিত হয়েছে, যার কার্যবিবরণী এতদসঙ্গে সংযুক্ত। উক্ত কার্যবিবরণীতে বিধি ৩৪ক এর প্রয়োজনীয় সংশোধনী আনয়নের সিদ্ধান্ত রয়েছে।

সংযুক্ত: বর্ণনামতে।

জাকিয়া সুলতানা
কমিশনার
ফোন নং: ০২-৫৫০৮০৩১৫
ফ্যাক্স নং: ০২-৫৫০৮০৩২৩
ই-মেইলঃ commdkn@gmail.com

অনুলিপি:
দ্বিতীয় সচিব (মূসক নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১,বাজেট অধিশাখা-২১

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগের আওতাভুক্ত জাতীয় রাজস্ব বোর্ডের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক অতিরিক্ত আদায়কৃত মূল্য সংযোজন কর (মূসক) দাতাগণকে ফেরৎ প্রদান পদ্ধতি সংক্রান্ত জটিলতা নিরসনের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : মো: হাবিবুর রহমান, অতিরিক্ত সচিব (বাজেট-১), অর্থ বিভাগ। |
| সভার তারিখ | : ০৫/০৩/২০১৯ খ্রি: |
| সভার সময় | : বিকাল ৩.৩০ ঘটিকা |
| সভার স্থান | : কক্ষ নং-১০৪, ২য় তলা, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |

সভায় উপস্থিতি কর্মকর্তাগণের তালিকা (পরিশিষ্ট-ক)

০২। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অর্থ বিভাগের উপসচিব জনাব মো: আবদুর রহমান খান এফসিএমএ, উপসচিব (বাজেট-৭), অর্থ বিভাগ জানান, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের আওতাভুক্ত জাতীয় রাজস্ব বোর্ডের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন দপ্তর/সংস্থাসমূহের বিপরীতে ভ্যাট, আমদানি শুল্ক এবং সম্পূরক শুল্ক বাবদ অতিরিক্ত পরিশোধিত অর্থ ফেরৎ দেয়ার বিষয়ে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ হতে ২০১৭-১৮ অর্থবছরের বাজেটে বরাদ্দ প্রদানের প্রস্তাব প্রেরণ করা হয়। উক্ত পত্রে ৫টি দপ্তর/সংস্থা হতে ২১টি প্রতিষ্ঠানের ৫,৩৭,৯৯,১৪১.৭৬ টাকা ফেরৎ প্রদানের বিষয় উল্লেখ ছিল। উক্ত প্রস্তাবের আলোকে অর্থ বিভাগ হতে ০৬/০৮/২০১৮ খ্রি: তারিখের ০৭.০০.০০০০.১২১.১১.০০৩.১৮-৩৮৪ নং স্মারকের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ডকে জানিয়ে দেয়া হয় যে-

(ক) General Financial Rules (GFR)-203 এর নোট-১ অনুসারে আদায়কৃত রাজস্ব ফেরৎ প্রদান grants or appropriation এর ক্ষেত্রে সরকারী ব্যয় হিসেবে গণ্য হবে না। GFR-204 এর বিধান অনুযায়ী রিফান্ড প্রদান সংক্রান্ত ডিপার্টমেন্টাল রুলস এন্ড অর্ডার যথাযথভাবে অনুসরণপূর্বক রিফান্ড অনুমোদনকারী উপযুক্ত কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী রিফান্ড মঞ্জুর করার বিধান রয়েছে।

(খ) অর্থ বিভাগ কর্তৃক প্রণীত নতুন Budget and Accounting Classification Systems (BACS) অনুসারে রাজস্ব রিফান্ড প্রদানের জন্য আলাদাভাবে কোন অর্থনৈতিক কোড রাখা হয়নি। নতুন BACS অনুসারে প্রতিটি অর্থনৈতিক কোডের বিপরীতে প্রাপ্তি ও পরিশোধ পৃথক লেজার একাউন্টে হিসাবভুক্ত হবে। রাজস্ব প্রাপ্তির ক্ষেত্রে যে কোডে Credit করা হবে এবং রাজস্ব ফেরৎ (রিফান্ড) এর ক্ষেত্রে একই কোডে ibas++ সিষ্টেমে Debit করা হবে।

(গ) GFR-203 এবং GFR-204 অনুযায়ী যেহেতু অতিরিক্ত আদায়কৃত রাজস্ব ফেরৎ প্রদানের ক্ষেত্রে কোন বাজেট বরাদ্দের প্রয়োজন নেই এবং নতুন প্রণীত BACS এ রাজস্ব ফেরতের জন্য আলাদা কোন কোড রাখা হয়নি সেহেতু রাজস্ব ফেরৎ প্রদানের জন্য কোন বাজেট বরাদ্দের অবকাশ নেই। বাজেট বরাদ্দ ব্যাতিরেকেই রিফান্ড প্রদান সংক্রান্ত জাতীয় রাজস্ব বোর্ডের বিদ্যমান বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করে জাতীয় রাজস্ব বোর্ড অতিরিক্ত আদায়কৃত অর্থ ফেরত প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে।

তিনি আরো জানান যে, উক্ত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে উর্মি ওভারসীজ লি: কর্তৃক আমদানিকালে পরিশোধিত অগ্রীম ভ্যাট বাবদ প্রদত্ত ৫,২১,৫৫২.৩৯ (পাঁচ লক্ষ একুশ হাজার পাঁচশত পঁচিশ টাকা উনচল্লিশ পয়সা) টাকা ফেরৎ পাওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের নিকট প্রস্তাব করলে উক্ত দাবীকৃত অর্থ প্রদানে নিম্নরূপ জটিলতা সৃষ্টি হয়:

- ১৯৯১ সালের মূসক বিধিমালার ৩৪ক অনুসারে, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট ঢাকা (উত্তর) উর্মি ওভারসীজ লি: কে মূসক ফেরৎ প্রদানের জন্য টি আর ফরম-৩১ এর মাধ্যমে বিল দাখিল করে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা অনুরোধ করলে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা মূসক ফেরৎ প্রদান করা তাঁর দপ্তরের এখতিয়ারভুক্ত নয় উল্লেখ করে

দাখিলকৃত বিলটি ফেরৎ প্রদান করেন। ফলে অদ্যাবধি উর্মি ওভারসীজ লিঃ কে অর্থ ফেরত প্রদান করা সম্ভব হয়নি।

উল্লেখ্য ১৯৯১ সালের মূসক বিধিমালায় অসাবধানতা বশত: টিআর-৩১ ফরমের মাধ্যমে মূসক ফেরৎ প্রদানের বিধান করা হলেও অদ্যাবধি এ প্রক্রিয়ায় কোন মূসক ফেরৎ প্রদান করা সম্ভব হয়নি। টিআর-৩১ ফরমটি মুলত: অতিরিক্ত আদায়কৃত নন-ট্যাক্স রেভিনিউ (NTR) ফেরৎ প্রদানের জন্য ব্যবহার করা হয়ে থাকে।

৩। সভায় সরকারের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের অধীনস্থ অন্যান্য দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক অতিরিক্ত পরিশোধিত অর্থ ফেরৎ প্রদানে অনুসৃত পদ্ধতিসমূহ নিয়ে আলোচনা হয়। আলোচনায় জনাব মোঃ আবদুর রহমান খান এফসিএমএ, উপসচিব (বাজেট-৭), অর্থ বিভাগ, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের জনাব মোহাম্মদ মমিনুল হক ভুইয়া, অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি) এবং সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ: অগ্রাধিকার কার্যক্রমসমূহের ধারাবাহিকতা রক্ষা শীর্ষক কর্মসূচির পরামর্শক জনাব মোঃ সাব্বির আহমেদ খান অংশ গ্রহণ করেন এবং নিম্নোক্ত বিষয়ে সভাকে অবহিত করেনঃ

(ক) আয়কর ফেরতের জন্য আইটি-৩২এ (পরিমার্জিত) তথা রিফান্ড ভাউচার এবং আইটি-৩২এ (পরিমার্জিত) তথা এডভাইস নোট এর মাধ্যমে সরাসরি করদাতাকে আয়কর ফেরৎ প্রদান করা হয়ে থাকে। এ ক্ষেত্রে করদাতা রিফান্ড ভাউচার ব্যাংকে জমা দিলে বাংলাদেশ ব্যাংকের ক্লিয়ারিং প্রক্রিয়ার মাধ্যমে ফেরতের অর্থ করদাতার ব্যাংক হিসাবে জমা হয়। সরকারের সংযুক্ত তহবিল হতে এ অর্থ সরাসরি পরিশোধিত হয়। এ প্রক্রিয়ায় অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কোন সংশ্লেষ নেই।

(খ) কাস্টম হাউসসমুহ হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ এর চেক ও এডভাইস নোটের মাধ্যমে CD VAT এর অতিরিক্ত অর্থ ফেরৎ প্রদান করে থাকে। এ ক্ষেত্রেও প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের কোন সংশ্লেষ নেই।

(গ) শুল্ক রেয়াত ও প্রত্যর্পন পরিদপ্তর সরাসরি হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ এর চেক ইস্যুর মাধ্যমে আমদানী শুল্ক, মূসক ইত্যাদি ফেরৎ প্রদান করে থাকে। এক্ষেত্রেও প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের কোন সংশ্লেষ নেই।

৪। মোহাম্মদ জাকির হোসেন, অতিরিক্ত কমিশনার, শুল্ক, আবগারী ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব) জানান যে, নতুন মূল্য সংযোজন ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ১৩৭(২) ধারার বিধান অনুসারে, নতুন মূসক আইন ১ জুলাই ২০১৯ তারিখ হতে কার্যকর হলেও মূসক আইন, ১৯৯১ এর অধীন কোন অনিষ্পন্ন বিষয়, পুরনো মূসক আইন, ১৯৯১ এবং মূসক বিধিমালা-১৯৯১ অনুযায়ী নিষ্পত্তি করতে হবে।

৫। অতিরিক্ত পরিশোধিত মূসক ফেরত প্রদান পদ্ধতি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। জনাব মোঃ আবদুর রহমান খান এফসিএমএ, উপসচিব (বাজেট-৭) জানান যে,

(ক) ১৯৯১ সালের মূসক বিধি ৩৪ক তে অতিরিক্ত পরিশোধিত অর্থ ফেরত প্রদানের জন্য টিআর-৩১ ফরম ব্যবহারের নির্দেশনা রয়েছে-যা সঠিক নয়। কারণ ট্রেজারী রুলস এর এস আর ২৫৩ তে বর্ণিত আছে যে, যেসকল ফেরত প্রদানের ক্ষেত্রে কোন সুনির্দিষ্ট আইন, বিধি বা পদ্ধতি বা ফরম ব্যবহারের নির্দেশনা নেই সে সকল ক্ষেত্রে টিআর-৩১ ফরমটি ব্যবহৃত হবে।

(খ) GFR-203 ও 204 অনুযায়ী অতিরিক্ত পরিশোধিত অর্থ ফেরত প্রদানকে ব্যয় বলা যাবে না এবং উক্ত অর্থ ফেরৎ প্রদানের ক্ষেত্রে স্ব স্ব বিভাগের আইন ও বিধি অনুসরণ করতে হবে।

(গ) নতুন মূসক আইন ২০১২ অনুযায়ী কার্যক্রম গ্রহণের জন্য প্রণীত VAT বিধিমালা-২০১৬ এর ৫২ বিধিতে অতিরিক্ত আদায়কৃত মূসক ফেরতের জন্য "মূসক-৯.১" ফরম ব্যবহারের জন্য নির্দেশনা রয়েছে এবং ফেরতযোগ্য অর্থ আবেদনকারীর ব্যাংক হিসাবে জমা অথবা তার অনুকূলে ক্রসড চেক ইস্যু করার বিধান করা হয়েছে। এ বিধিটি GFR-২০৩ ও ২০৪ এবং আয়কর বিভাগ, কাস্টমস হাউস ও শুল্ক রেয়াত ও প্রত্যর্পন পরিদপ্তর (DEDO) কর্তৃক অনুসৃত বিদ্যমান পদ্ধতির সাথে সংগতিপূর্ণ।

(ঘ) যেহেতু VAT আইন-২০১২ ও VAT বিধিমালা ২০১৬ অদ্যাবধি কার্যকর হয়নি সেহেতু ১৯৯১ এর মূসক বিধি ৩৪ক সংশোধন করে কাস্টমস হাউসসমূহ ও শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর এর অতিরিক্ত আদায়কৃত রাজস্ব ফেরত পদ্ধতি অনুযায়ী মূসকের অর্থ ফেরতের জন্য মূসক বিধি, ১৯৯১ এর ৩৪ক

সংশোধন করা হলে উদ্ভূত জটিলতা নিরসন করা সম্ভব হবে। মূসক আইন, ২০১২ আগামী জুলাই ২০১৯ তারিখ হতে কার্যকর হলেও পুর্বের অনিষ্পন্ন বিষয়সমূহ যেহেতু পুরনো মূসক আইন, ১৯৯১ এবং মূসক বিধি, ১৯৯১ অনুযায়ী নিষ্পত্তি করতে হবে, সেহেতু মূসক বিধিমালা, ১৯৯১ অবশ্যই সংশোধন করতে হবে।

৬। বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহিত হয়:

সিদ্ধান্ত-১: জাতীয় রাজস্ব বোর্ড আগামী জুন/২০১৯ এর মধ্যে অর্থ আইন ২০১৯ প্রণয়ন প্রক্রিয়ার অংশ হিসেবে প্রজ্ঞাপন জারীর মাধ্যমে ১৯৯১ সালের মূসক বিধি ৩৪ক মূসক বিধিমালা ২০১৬ এর বিধি-৫২ এর আলোকে সংশোধন করবে।

সিদ্ধান্ত-২: জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ১৯৯১ সালের মূসক বিধি ৩৪ক সংশোধনের পর শুল্ক, আবগারী ও ভ্যাট কমিশনারেটের সকল কমিশনারগণ CGA এর দপ্তর হতে চেক বই সংগ্রহ করবেন, যথাযথ নিয়মে চেক বইসমূহ সংরক্ষন করবেন এবং মূসক ফেরত প্রদানের জন্য জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত বিধি বিধান ও প্রক্রিয়া যথাযথভাবে অনুসরণপূর্বক করদাতাকে মূসক ফেরতের চেক প্রদান করবেন এবং উক্ত চেকের অর্থ পরিশোধের জন্য বাংলাদেশ ব্যাংকে এডভাইস প্রেরণ করবেন।

সিদ্ধান্ত-৩: উপর্যুক্ত ১ ও ২ এর সিদ্ধান্তের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগকে অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১ এর সংশ্লিষ্ট শাখা হতে পত্র প্রেরণ করা হবে।

৭। পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৬/০৩/২০১৯ খ্রিঃ
(মো: হাবিবুর রহমান)
অতিরিক্ত সচিব (বাজেট-১)

নং-০৭.০০.০০০০.১২১.১১.০০৩.১৮-২৯

তারিখঃ ১৮-০৩-২০১৯ খ্রিঃ / ০৪-১২-১৪২৫ বঃ

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১. সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০ (তাঁর অধীনস্থ সকল কার্যালয়কে অবহিতকরণের জন্য)।
৩. সদস্য (শুল্ক নীতি)/(শুল্ক ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা ঢাকা।
৪. কমিশনার, শুল্ক, আবগারী ও ভ্যাট কমিশনারেট (সকল) ...................।
৫. প্রথম সচিব (মূসক নীতি) জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৬. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
৭. অফিস কপি।

১৮/০৩/১৯

ফৌজিয়া রহমান
উপসচিব
ফোন: ৯৫৪০২৮৬

☐ জরুরী ই-মেইল বার্তা
☐ বিশেষ বাহক মারফত
☐ রেজিস্ট্রার ডাকযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কমিশনার অব কাস্টমস এর কার্যালয়**
**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট।**

কে.এস.আর টাওয়ার
বোরহান উদ্দিন রোড
মেন্দিবাগ পয়েন্ট, সিলেট।
☎ ০৮২১-৭২৭৩৯৬

০৮২১-৭২৭৩৯৭
sylhetcustoms@yahoo.com
www.sylhetcustoms-vat.gov.bd

নথি নং-৫ম/কাস-২০(১৯)রিফান্ড/সি:কমি:/২০১৪/ ১৭০৬

তারিখ- ৬৫/০৫/২০১৯ খ্রিঃ

বিষয়ঃ **মূসক রিফান্ড সংক্রান্ত তথ্য প্রেরণ।**

সূত্রঃ জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নথি নম্বর- ০৮.০১.০০০০.০৬৮.১১.০০৫.১২(৮৫)/২০১৬/৫০৭, তারিখ: ০৮/০৫/২০১৯খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের প্রতি বোর্ডের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রীয় পত্রের নির্দেশনা মোতাবেক এ দপ্তরে সংরক্ষিত নথি পর্যালোচনায় ২০১৫-১৬ অর্থবছর হতে ২০১৭-১৮ অর্থবছর পর্যন্ত কোন রিফান্ড আবেদন মঞ্জুর ও পরিশোধ করা না হওয়ায় প্রতিবেদন শুন্য হিসেবে বিবেচনা করার জন্য অনুরোধ করা হলো।

০৬/০৫/১৯

(মোঃ শাহ আলম)
সহকারী কমিশনার (চঃ দাঃ)
কমিশনারের পক্ষে

প্রাপক ঃ প্রকল্প পরিচালক
ভ্যাট অনলাইন প্রকল্প
আইডিইবি ভবন, ৮ম তলা, ১৬০/এ, কাকরাইল, ঢাকা-১০০০।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভ্যাট অনলাইন প্রকল্প
প্রাপ্তি নং- ১৩৩৪
তারিখ- ৯/৫/১৯

ভ্যাট নিয়ে নেই মাথা ব্যথা
১৬৫৫৫ নম্বরে বলুন কথা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
সরকারি কার্যভবন-১, আগ্রাবাদ, চট্টগ্রাম
Website: www.chittagongvat.gov.bd

নথি নং- ৪র্থ/এ(১২)৩২/মূসক/ভ্যাট অনলাইন প্রজেক্ট/বিবিধ/২০১৭/৪২৪৭ তারিখঃ ২৪/১০/২০১৯ খ্রিঃ।

প্রেরকঃ কমিশনার

প্রাপকঃ প্রকল্প পরিচালক
আইডিবি ভবন (৮ম) তলা
১৬০/এ, কাকরাইল, ঢাকা-১০০০।

বিষয় ঃ **Intermediate Results Framework** তৈরির জন্য তথ্য সরবরাহ প্রসঙ্গে।

সূত্র ঃ ০১। ভ্যাট অনলাইন প্রকল্পের পত্র নথি নং-০৮.০১.০০০০.০৬৮.১১.০০৫.১২(৮৫)২০১৬/অংশ-২/৫৬১; তারিখ-২২/০৫/২০১৯ খ্রিঃ।

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রোক্ত পত্রের আলোকে Intermediate Results Framework সংক্রান্ত তথ্য সংযুক্ত ছক মোতাবেক নিম্নে উপস্থাপন করা হলো ঃ

| Sl No. | Results Indicators | Target Values | | |
|---|---|---|---|---|
| | | 2016-17 | 2017-18 | 2018-19 |
| 01 | Number of VAT Stop files | 79 | 4% | 8% |
| 02 | Average time to process and issue tax refund | 0 | 0 | 0 |
| 03 | Percent of audits per year resulting in additional tax assesments | 25 | 61 | 57 |

০৩। বর্ণিত অর্থবছরসমূহে রিফান্ড কোডে কোন বাজেট বরাদ্দ না থাকায় রিফান্ড মঞ্জুর না হওয়ায় রিফান্ড সংক্রান্ত চাহিত তথ্য শূণ্য হিসাবে গণ্য করার জন্য অনুরোধ করা হলো।

২৪/১০/১৯

(মোহাম্মদ তফছির উদ্দিন ভূঞা)
যুগ্ম-কমিশনার
কমিশনারের পক্ষে
টেলিফোন নং- ০৩১-৭২৬০৮৬
ই-মেইলঃ ccevatctg@gmail.com
তারিখঃ /১০/২০১৯ খ্রিঃ।

নথি নং- ৪র্থ/এ(১২)৩২/মূসক/ভ্যাট অনলাইন প্রজেক্ট/বিবিধ/২০১৭

অনুলিপিঃ অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-

০১। পিএ টু কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম। (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

(সুশান্ত পাল)
উপ কমিশনার
যুগ্ম-কমিশনারের পক্ষে

D:\Vat Branch 2019\EMRAN-New 1-9-19\NBR Forwording.doc

রেজিঃ/ডিও/ই-মেইল
টেকসই স্মৃতি

রাজস্বের প্রবৃদ্ধি

16555

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
১৫২/১, এস. ইসলাম পার্ক ভিউ, পার্ক রোড, ছোটরা, কুমিল্লা-৩৫০০।
www.cevccomilla.gov.bd

স্মারক নম্বর-৫ম/২০(০১)/কাস-রিফান্ড/২০১২/2668 তারিখ: ০৮ আশ্বিন ১৪২৬ / ২৩ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: <u>২০১৫-১৮ অর্থ বছরের রিফান্ড এর তথ্য সরবরাহ।</u>

সূত্র: ২। ভ্যাট অনলাইন প্রকল্প এর পত্র নথি নং-০৮.০১.০০০০.০৬৮.১১.০০৫.১২(৮৫)/২০১৬, তারিখ: ০৮/০৫/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি সানুগ্রহ দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রীয় পত্রের চাহিদা মোতাবেক ২০১৫-১৬ অর্থবছর থেকে ২০১৭-১৮ অর্থবছর পর্যন্ত ০৩ (তিন) বছরের রিফান্ড আবেদন মঞ্জুর ও পরিশোধ সংক্রান্ত তথ্য নির্ধারিত ছক মোতাবেক আপনার পরবর্তী কার্যার্থে নিম্নে উপস্থাপন করা হলো।

| ক্রমিক নং | অর্থ বছর | মোট রিফান্ডের পরিমান (টাকা) |
|---|---|---|
| ০১ | ২০১৫-১৬ | ৩,৪৮,৮৩০ |
| ০২ | ২০১৬-১৭ | ৪,০৭,৮০৯/- |
| ০৩ | ২০১৭-১৮ | - |

(মোঃ মাহবুবুজ্জামান)
কমিশনার
ফোন: ০৮১-৬৯২৯১।
E-mail: cevccomilla@gmail.com

প্রকল্প পরিচালক
ভ্যাট অনলাইন প্রকল্প
আইডিইবি ভবন (৮ম) তলা
১৬০/এ, কাকরাইল, ঢাকা-১০০০।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর**

৪৫০, জি এল রায় রোড, পূর্ব কামাল কাছনা, রংপুর।

www.rangpurvat.gov.bd

নথি নং- ০৮.০১.৮৫০০.২৪২.৩১.০০১.১৯/১৮৯২.

তারিখ:২৩ /০৫/২০১৯ খ্রিঃ।

প্রাপক : প্রকল্প পরিচালক
ভ্যাট অনলাইন প্রকল্প
আইডিইবি ভবন, ৮ম তলা
১৬০/এ, কাকরাইল, ঢাকা-১০০০।

**বিষয় : ২০১৫-১৮ অর্থ বছরের রিফান্ড এর তথ্য সরবরাহ।**

সূত্র : ভ্যাট অনলাইন প্রকল্প, আইডিইবি ভবন ১৬০/এ, ৮ম তলা, কাকরাইল, ঢাকা-১০০০ পত্র নং- ০৮.০১.০০০০.০৬৮.১১.০০৫.১২(৮৫)/২০১৬/৫০৭, তারিখ-০৮.০৫.১৯ খ্রিঃ।

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

২। সূত্রীয় পত্রের নির্দেশনার আলোকে এ কমিশনারেটের ২০১৫-১৬, ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থবছরের রিফান্ড সংক্রান্ত তথ্য আপনার প্রেরিত ছক মোতাবেক প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত তথ্যাদি আপনার সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

রিফান্ড সংক্রান্ত বিবরণী-

| ক্রমিক নং | অর্থবছর | মোট রিফান্ডের পরিমাণ (টাকা) |
|---|---|---|
| ০১ | ২০১৫-১৬ | ০ |
| ০২ | ২০১৬-১৭ | ০ |
| ০৩ | ২০১৭-১৮ | ০ |

২৩/৫/১৯

[মোহাম্মদ আহসানুল হক]
কমিশনার
ফোন# ০৫২১-৫৫৩৮১
cevrangcom@yahoo.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী
বাড়ি # ১৯৬, সেক্টর # ২, হাউজিং এস্টেট
উপশহর, রাজশাহী।
www.cevrajshahi.gov.bd

জনকল্যাণে রাজস্ব

উন্নয়নের অক্সিজেন রাজস্ব

ভ্যাট সংক্রান্ত যেকোনো জিজ্ঞাসায় কল করুন 16555 VAT ONLINE

অনলাইনে রেজিস্ট্রেশনের জন্য ভিজিট করুন
www.vat.gov.bd

নথি নং-৩(৯) ০১/রেভ-হিসাব/৯৫/ ২৫৪২

তারিখ- ২৬/০৫/২০১৯ খ্রি.।

প্রেরক : কমিশনার

প্রাপক : **প্রকল্প পরিচালক**
ভ্যাট অনলাইন প্রকল্প
আইডিইবি ভবন, (৮ম) তলা, ১৬০/এ, কাকরাইর, ঢাকা-১০০০।

বিষয় : **২০১৫-১৮ অর্থ বছরের রিফান্ড এর তথ্য সরবরাহ।**

সূত্র : জাতীয় রাজস্ব বোর্ড ভ্যাট অনলাইন প্রকল্প এর পত্র নথি নং-০৮.০১.০০০০.০৬৮.১১.০০৫.১২(৮৫)/২০১৬/৫০৭, তারিখ: ০৮/০৫/২০১৯ খ্রি.

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রোল্লিখিত পত্রের চাহিদার আলোকে পত্রের সাথে উল্লিখিত 'ছক' মোতাবেক তথ্য নিম্নে প্রদত্ত হলো।

| ক্রমিক নং | অর্থবছর | মোট রিফান্ডের পরিমান (টাকা) |
|---|---|---|
| ০১ | ২০১৫-১৬ | |
| ০২ | ২০১৬-১৭ | |
| ০৩ | ২০১৭-১৮ | ৩৯,৭৬,০৩৮ |

বিষয়টি মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

২৬/০৫/১৯

মোঃ মুজিবুর রহমান
কমিশনার
ফোন : ০৭২১-৭৬১০০১
E-mail: cevraj93@yahoo.com.

২৮/৫/১৯

২৬/০৫/১৯

ই-মেইল/জিইপি/বাহক

রাজস্বের প্রবৃদ্ধি

টেকসই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
ভোলা ট্যাংক রোড, যশোর।

তারিখঃ ২২/০৮/১৯

নথি নং- ৫ম/(৫৬)কাস/রিফান্ড/বিবিধ/১৬/ ০৮

প্রেরক ঃ কমিশনার।

প্রাপক ঃ প্রকল্প পরিচালক
ভ্যাট অনলাইন প্রকল্প
জাতীয় রজস্ব বোর্ড,
আইডিইবি ভবন, (৮ম তলা)
১৬০/এ, কাকরাইল, ঢাকা।

বিষয় ঃ ২০১৫-১৮ অর্থবছরের রিফান্ড এর তথ্য সরবরাহ প্রসঙ্গে।

সূত্র ঃ ভ্যাট অনলাইন প্রকল্প এর পত্র নথি নং-০৮.০১.০০০০.০৬৮.১১.০৫৫.১২(৮৫)/১৬/৫০৭, তারিখঃ ০৮/০৫/২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ২০১৫-১৬, ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থবছরে এ দপ্তর কর্তৃক কোন রিফান্ড আবেদন মঞ্জুর ও পরিশোধ করা হয়নি বিধায় প্রতিবেদনটি শুণ্য হিসেবে গণ্য করার জন্য অনুরোধ করা হল।


মোঃ শওকাত হোসেন
কমিশনার
ফোন নং-০৪২১-৬৮৪৩৪
ই-মেইল-jessorecustoms@gmail.com

ই-মেইল ও জি.ই.পি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা
খালিশপুর, খুলনা
ই-মেইলঃkhulnavathq@gmail.com,Fax-041-760758

তারিখঃ ৩০ /০৫/২০১৯ খ্রিঃ

নথি নং-৪র্থ/১৪(১)-ভ্যাট/রিফান্ড/বিবিধ/২০১৮/ ৩৮৯৩

প্রেরকঃ কমিশনার

প্রাপকঃ প্রকল্প পরিচালক
জাতীয় রাজস্ব বোর্ড,
ভ্যাট অনলাইন প্রকল্প
আইডিইবি ভবন (৮ম তলা)
১৬০/এ, কাকরাইল, ঢাকা-১০০০।

বিষয়ঃ ২০১৫-১৮ অর্থ বছরের রিফান্ড এর তথ্য সরবরাহ।

সূত্রঃ জাতীয় রাজস্ব বোর্ড, ভ্যাট অনলাইন প্রকল্প, পত্র নথি নং-০৮.০১.০০০০.০৬৮.১১.০০৫.১২(৮৫)/২০১৬/৫০৭, তারিখঃ ০৮/০৫/১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা এর তথ্য নির্ধারিত ছক মোতাবেক পূরন পূর্বক নিম্নে উপস্থাপন করা হলো।

| ক্রমিক নং | অর্থবছর | মোট রিফান্ডের পরিমান (টাকা) |
|---|---|---|
| ০১ | ২০১৫-১৬ | শূন্য |
| ০২ | ২০১৬-১৭ | ঐ |
| ০৩ | ২০১৭-১৮ | ঐ |

০৩। ইহা আপনার অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

৩০.৫.২০১৯
(মোঃ মোস্তবা আলী)
কমিশনার
ফোন ঃ ৭৬২৭৩২।

E/sukla/refund